# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২

## নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্রঃ মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২(পার্ট-০১)/৩৪৬

তারিখঃ ০৪ ফাল্গুন ১৪৩১ / ১৭ ফেব্রুয়ারি ২০২৫

বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ নিম্নোল্লিখিত শিক্ষকের স্থায়ী পদ পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

(ক) ভেটেরিনারি মেডিসিন এন্ড এনিমেল সায়েন্স অনুষদঃ

| ক্র. নং | বিভাগের নাম | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | Anatomy and Histology | অধ্যাপক ০১ টি, প্রভাষক ০১ টি | ০২ টি |
| ০২. | Physiology, Biochemistry and Pharmacology | সহযোগী অধ্যাপক ০১ টি, প্রভাষক ০১ টি | ০২ টি |
| ০৩. | Pathology and Parasitology | প্রভাষক ০১ টি | ০১ টি |
| ০৪. | Microbiology | প্রভাষক ০১ টি | ০১ টি |
| ০৫. | Medicine and Surgery | সহকারী অধ্যাপক ০১ টি, প্রভাষক ০১ টি | ০২ টি |
| ০৬. | Animal Science and Nutrition | প্রভাষক ০১ টি | ০১ টি |
| ০৭. | Genetics and Animal Breeding | প্রভাষক ০১ টি | ০১ টি |
| ০৮. | Dairy and Poultry Science | সহকারী অধ্যাপক ০১ টি | ০১ টি |
| ০৯. | Agricultural Economics and Social Science | সহকারী অধ্যাপক ০১ টি | ০১ টি |
| | | মোট- | ১২ টি |

(খ) ইঞ্জিনিয়ারিং অনুষদঃ

| ক্র. নং | বিভাগের নাম | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ | অধ্যাপক ০১ টি, সহযোগী অধ্যাপক ০১ টি<br>সহকারী অধ্যাপক ০১ টি, প্রভাষক ০১ টি | ০৪ টি |
| | | মোট- | ০৪ টি |

বেতন স্কেল:

অধ্যাপক- টাকা ৫৬৫০০-৭৪৪০০/-

সহযোগী অধ্যাপক- টাকা ৫০০০০-৭১২০০/-

সহকারী অধ্যাপক- ৩৫৫০০-৬৭০১০/-

প্রভাষক- ২২০০০-৫৩০৬০/-

**আবেদনের শর্তাবলীঃ**

* সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
* আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রীপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।
* অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।
* সরকারি/আধা-সরকারি/সায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।
* মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগের সময় সিরাজগঞ্জ সরকারী ভেটেরিনারী কলেজে ইতিপূর্বে নিয়োজিত শিক্ষকদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতার শর্ত পূরণ সাপেক্ষে প্রয়োজনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অগ্রাধিকার দেয়ার বিষয়টি বিবেচনা করতে পারবেন।
* উপরোক্ত পদের নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ এবং আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
* অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
* **"ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২"** এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট, গবেষণামূলক প্রকাশনার কপি, অভিজ্ঞতার প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি প্রত্যেক সেটের সাথে সংযুক্ত করতে হবে।
* চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
* **আগামী ১২/০৩/২০২৫** এর মধ্যে ১০ (দশ) সেট আবেদন রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
* বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং সিজিপিএ এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিধানের Certificate আবেদনের সাথে জমা দিতে হবে।
* আবেদনে **স্থায়ী ও যোগাযোগের ঠিকানা এবং মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা** স্পষ্টভাবে লিখতে হবে। মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানায় সাক্ষাতকারের বিষয়টি জানানো হবে।
* অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
* কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
* এ নিয়োগ বিজ্ঞপ্তি জারির কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নন।
* **নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

১৭/০২/২০২৫

ড. মোহাঃ তৌহিদুল ইসলাম
রেজিস্ট্রার,
মাভাবিপ্রবি।

# ভেটেরিনারি মেডিসিন এন্ড এনিমেল সায়েন্স অনুষদভূক্ত বিভাগসমূহে শিক্ষক পদে নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণঃ

১. **অধ্যাপক, বেতন স্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০/- (৩য় গ্রেড)**

০১। ০৫ (পাঁচ) বছর মেয়াদী ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।

০২। ০৫ (পাঁচ) বছর মেয়াদী ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

০৩। স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বছরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

০৪। এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১৭ (সতেরো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

০৫ । পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

০৬। প্রার্থীদের স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ১২ (বারো) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে এবং যেগুলোর মধ্যে First Author / Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে।

২. **সহযোগী অধ্যাপক, বেতন স্কেলঃ ৫৫০০০-৭১২০০/- (৪র্থ গ্রেড)**

০১। ০৫ (পাঁচ) বছর মেয়াদী ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।

০২। ০৫ (পাঁচ) বছর মেয়াদী ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

০৩। স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

০৪। এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বছরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

০৫ । পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বছরসহ ন্যূনতম মোট ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

০৬। প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে এবং যেগুলোর মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে।

৩. **সহকারী অধ্যাপক, বেতন স্কেলঃ ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড)**

১। প্রার্থীকে এস.এস.সি/ সমমান এবং এইচ.এস.সি/ সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.০০ থাকতে হবে। অথবা সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম বিভাগ থাকতে হবে।

২। সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

৩। ডিভিএম/সমমান সংশ্লিষ্ট অনুষদের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

৪। মাস্টার্স/সমতুল্য ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

৫। এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

৬। পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

৭। স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে এবং যেগুলোর মধ্যে First Author/ Corresponding Author হিসাবে ন্যূনতম ০১টি প্রকাশনা থাকতে হবে।

৪. **প্রভাষক, বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)**

১। প্রার্থীকে এস.এস.সি/ সমমান এবং এইচ.এস.সি/ সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.০০ থাকতে হবে। অথবা সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম বিভাগ থাকতে হবে।

২। সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।

৩। সংশ্লিষ্ট অনুষদ/ বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে অথবা সংশ্লিষ্ট অনুষদ/ বিভাগে ০৫ (পাঁচ) বছর মেয়াদী ডিভিএম/ সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

১৭/০২/২০২৫

**ড. মোহাঃ তৌহিদুল ইসলাম**
রেজিস্ট্রার,
মাভাবিপ্রবি

# মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে শিক্ষক পদে নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণঃ

**১. অধ্যাপক, বেতন স্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০/- (৩য় গ্রেড)**

১. আবেদনকারীকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকিতে হইবে।

২. বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং এবং এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং উভয় ডিগ্রীর ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।

৩. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ১০ (দশ) বছরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এমফিল/সমমান ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১৭ (সতেরো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য পি.এইচ.ডি. ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৫ (পাঁচ) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ১২ (বারো)টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য, মোট প্রকাশনার ন্যূনতম ২ (দুই)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ইনডেক্সট জার্নালে প্রকাশিত হইতে হবে।

**২. সহযোগী অধ্যাপক, বেতন স্কেলঃ ৫৫০০০-৭১২০০/- (৪র্থ গ্রেড)**

১. আবেদনকারীকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকিতে হইবে।

২. বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং এবং এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং উভয় ডিগ্রীর ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।

৩. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এমফিল/সমমান ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৬ (ছয়) বছরসহ মোট ন্যূনতম ৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য পি.এইচ.ডি. ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকিতে যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য, মোট প্রকাশনার ন্যূনতম ১ (এক)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ইনডেক্সট জার্নালে প্রকাশিত হইতে হবে।

**৩. সহকারী অধ্যাপক, বেতন স্কেলঃ ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড)**

১. আবেদনকারীকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকিতে হইবে।

২. বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং এবং এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং উভয় ডিগ্রীর ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।

৩. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য পি.এইচ.ডি. ডিগ্রীধারী আবেদনকারীর ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ১ (এক)টি প্রকাশনা থাকিতে হইবে।

**৪. প্রভাষক, বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)**

১. আবেদনকারীকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ের সমতুল্য এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকিতে হইবে।

২. বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং এবং এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং উভয় ডিগ্রীর ক্ষেত্রে সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।

২৭/০২/২০২৫